

## 🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০:৮৫

## 💵 আরবি মূল আয়াত:

## قَالَ فَإِنَّا قَد فَتَنَّا قَومَكَ مِن بَعدِكَ وَ أَضلَّهُمُ السَّامِرِيُّ ﴿٨٥﴾

## 🗚 অনুবাদসমূহ:

আল্লাহ বললেন, 'তোমার চলে আসার পর আমি তো তোমার কওমকে পরীক্ষায় ফেলে দিয়েছি। আর সামেরী তাদেরকে পথভ্রস্ট করেছে'। — আল-বায়ান

তিনি বললেন, 'তোমার অনুপস্থিতিতে আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষা করেছি আর সামিরী তাদেরকে গুমরাহ্ করেছে। — তাইসিরুল

তিনি বললেনঃ আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি তোমার চলে আসার পর এবং সামেরী তাদেরকে পথভ্রস্ট করেছে। — মুজিবুর রহমান

[Allah] said, "But indeed, We have tried your people after you [departed], and the Samiri has led them astray." — Sahih International

- ৮৫. তিনি বললেন, আমরা তো আপনার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি আপনার চলে আসার পর। আর সামেরী(১) তাদেরকে পথভ্রষ্ট করেছে।
  - (১) কোন কোন মুফাসসির বলেন, সামেরী কোন ব্যক্তির নাম নয় বরং সে সময় সামেরী নামে এক গোত্র ছিল এবং তাদের এক বিশেষ ব্যক্তি ছিল বনী ইসরাঈলের মধ্যে স্বর্ণ নির্মিত গো-বৎস পূজার প্রচলনকারী এ সামেরী। সে তাদেরকে গো বৎস পূজার আহবান জানিয়েছিল এবং শির্কে নিপতিত করেছিল। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

- (৮৫) তিনি বললেন, 'তুমি (চলে আসার) পর আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলেছি এবং সামেরী ওদেরকে পথভ্রষ্ট করেছে।' [1]
  - [1] মূসার তুর পাহাড়ে যাওয়ার পর সামেরী নামক এক ব্যক্তি বানী-ইম্রাঈলদেরকে বাছুর পূজায় লাগিয়ে দিল। যার সংবাদ আল্লাহ তাআলা মূসা (আঃ)-কে তুর পাহাড়েই দিলেন যে, সামেরী তোমার জাতিকে পথভ্রষ্ট করে ফেলেছে। ফিতনা বা পরীক্ষায় ফেলার সম্পর্ক আল্লাহ নিজের দিকেই করেছেন শুধু সৃষ্টিকর্তা হিসাবে। নচেৎ এই পথভ্রষ্টতার কারণ হল সামেরী; যেমন أَضَلُهُ السَّامِرِي (সামেরী ওদেরকে পথভ্রষ্ট করেছে) বাক্য দ্বারা পরিষ্কার।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2433

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন